

দাবী এবং আপত্তি বিষয়ক গুরুত্বপূর্ণ ঘোষণা



আমাদের এন আর সি, ন্যায়সংগত এন আর সি



ভারত সরকার নাগরিকত্ব বিধি, 2003-এর Rule 4Aর সংলগ্ন পরিশিষ্টের 6 ধারার ব্যবস্থা অনুযায়ী অসমের খসড়া এন আর সি প্রকাশের পর দাবী এবং আপত্তি নিষ্পত্তির জন্য স্টেণ্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP) জারী করেছে। স্টেণ্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP) NRC অসমের ওয়েবসাইট (nrcassam.nic.in)এ দেখতে পারেন

দাবী এবং আপত্তি নিষ্পত্তি সম্পর্কীয় SOPর দ্বারা ভারতের অন্যান্য রাজ্য মূলের ভারতীয় নাগরিক এবং অনাথ ও ত্যাজ্যদের জন্য বিশেষ ব্যবস্থা (dispensation) প্রদান করা হয়েছে। এই বিশেষ ব্যবস্থার দ্বারা অন্য রাজ্য মূলের এবং নির্দিষ্ট এলাকা (Specified Territory) বাংলাদেশ মূলের না হওয়া এবং **24 মার্চ, 1971** এর আগে বা পরে যেকোন সময়ে অসমে বসবাসের জন্য আসা লোকদের অন্তর্ভুক্ত করা হবে। এছাড়াও যেসব দাবীদার অসমের মূল বাসিন্দা, তাদের ক্ষেত্রে নাগরিকত্ব (নাগরিকের পঞ্জীয়ন এবং রাষ্ট্রীয় পরিচয়পত্র প্রদান) বিধি, 2003-এর পরিশিষ্টের ধারা 3(3)এর আইনগত বিধান প্রযোজ্য হবে। কোন প্রকৃত ভারতীয় নাগরিকের নাম চূড়ান্ত এন আর সি থেকে বাদ না যাওয়া নিশ্চিত করাই SOPর লক্ষ্য

এই পরিপ্রেক্ষিতে, দাবীদারদের তাদের দাখিল করা দাবীর সম্পর্কে তথ্য প্রদান করতে অনুরোধ করা হল যে -

- তারা অন্যান্য রাজ্য মূলের ভারতীয় নাগরিক এবং নির্দিষ্ট এলাকা (Specified Territory) অর্থাৎ বাংলাদেশ মূলের নয়। যদি হয়, সংশ্লিষ্ট রাজ্যের নাম উল্লেখ করবেন
- SOPতে সন্নিবিষ্ট অন্যান্য বিশেষ ব্যবস্থাগুলো বা উপলব্ধ আইনগত ব্যবস্থাগুলোর সুবিধা গ্রহণ করলে গ্রহণ করা এধরণের বিশেষ ব্যবস্থার বিষয়ে তথ্য দাখিল করবেন

দাবীদারদের, উপরে উল্লেখ করা a) এবং b) দফার প্রয়োজনীয় তথ্য দাবী পত্রের D পৃষ্ঠার প্রশ্ন 7এর বিপরীতে দেওয়া উত্তরে দাখিল করতে অনুরোধ করা হল। যারা ইতিমধ্যে দাবী পত্র দাখিল করেছেন, তাদেরকে সংশ্লিষ্ট NRC সেবা কেন্দ্রে গিয়ে উপরে উল্লেখ করা তথ্যগুলো অতিরিক্তভাবে দাখিল করতে হবে

মনযোগ দিনঃ ওপরোক্ত তথ্যের আধারে দাবী দাখিল করার অধিকার সাব্যস্ত হবে না। এরূপ যোগ্যতা আইনসিদ্ধ ব্যবস্থাবলী এবং অনুমোদিত পরীক্ষণ প্রক্রিয়ার ওপর নির্ভরশীল। কোন দাবীদার / আপত্তিকারী জেনে-বুঝে কোন ভুল তথ্য বা বিবরণ দাখিল করলে নাগরিকত্ব আইন ১৯৫৫ের ১৭ ধারার অধীনে শাস্তির সন্মুখীন হতে হবে।

জনহিতার্থে প্রচারিত

রাজ্যিক সমন্বয়ক, এন আর সি, অসম সরকার

নাগরিক পঞ্জীয়নের মহাপঞ্জীয়ক, গৃহ মন্ত্রণালয়, ভারত সরকার

বিশদভাবে জানতে
এবং সহায়তার জন্য

আমাদের ২৪ x ৭ বিনামূল্যের
হেল্পলাইন নম্বরে ফোন করুন

১৫১০৭ (অসমের জন্য)
১৮০০৩৪৫৩৭৬২
(অসমের বাহির থেকে)

আমাদের ওয়েবসাইট
www.nrcassam.nic.in

f nrcassam

@NRCupdateAssam এ

আমাদের অনুসরণ করুন